 প্রশস্ত সোপানারোহণ করিয়া তাহাতে উঠিতে হয় । তাহার
 বারেণ্ডায়, বড় বড় মোটা ফুটেড্‌ ডাম; হর্ষ্যতল মর্মরপ্রস-
 রারূত । আলিশার উপরে, মঞ্চস্থলে এক মুগ্ধয় বিশাল সিংহ
 জটা লঙ্ঘিত করিয়া, লোল জিহ্বা বাহির করিয়াছে । এইটি 15
 নগেন্দ্রের বৈঠকখানা । তৃণপ্লাময় সুমিথশুষ্কয়ের ছই পার্শ্বে,
 অর্থাৎ বামে ও দক্ষিণে ছই সারি একতাল কোঠা । এক
 সারিতে দণ্ডরখানা ও কাছারি । আর এক সারিতে তোষাখানা
 এবং ভৃত্যবর্গের বাসস্থান । ফটকের ছই পার্শ্বে দ্বাররক্ষকদি-
 গের থাকিবার ঘর । এই প্রথম মহলের নাম “কাছারি বাড়ী” । 20
 উহার পার্শ্বে “পূজার বাড়ী” । পূজার বাড়ীতে রীতিমত বড়
 পূজার দালান; আর তিন পার্শ্বে প্রথমত দোতাল চক বা
 চত্বর । মঞ্চে বড় উঠান । এ মহলে কেহ বাস করে না ।
 ছুর্গোৎসবের সময়ে বড় ধুমধাম হয়, কিন্তু এখন উঠানে টালির
 পাশ দিয়া ঘাস গজাইতেছে । দালান, দরদালান, পায়রায় 25
 পুরিয়া পড়িয়াছে, কুঠারি সকল আসবাবে ভরা,—চাবি বন্ধ ।
 তাহার পাশে ঠাকুরবাড়ী । সেখানে বিচিত্র দেবমন্দির, অন্দর
 প্রস্তরবিশিষ্ট “নাট-মন্দির,” তিন পাশে দেবতাদিগের পাক-
 শালা, পূজারিদিগের থাকিবার ঘর এবং অতিথিশালা । এই
 তিন মহল সদর । এই তিন মহলের পশ্চাতে তিনমহল অন্দর । 30
 কাছারি বাড়ীর পশ্চাতে যে অন্দর মহল, তাহা নগেন্দ্রের নিজ
 শবহার্ভ । তন্মধ্যে কেবল তিনি, তাঁহার ভার্জা ও তাঁহাদের নিজ
 পরিচর্চার নিয়ুক্ত দাসীরা থাকিত । এবং তাঁহাদের নিজ শবহার্ভ
 স্রষ্ট সামগ্রী থাকিত । এই মহল নুতন, নগেন্দ্রের নিজের প্রস্তুত;
 এবং তাহার নির্মাণ অতি পরিপাটি । তাহার পাশে পূজার 35

বাড়ীর পশ্চাতে সাবেক অন্ধর । তাহা পুরাতন, কুনির্মিত ; ঘর
সকল অস্বচ্ছ, ক্ষুদ্র এবং অপরিষ্কৃত । এই পুরী বহুসংখ্যক
আত্মীয় কুটুম্বকণ্ডা, মাসী, মাসীত ভগিনী, পিসী, পিসীত
ভগিনী, বিধবা মাসী, সধবা ভাগিনেয়ী, পিসীত ভাইয়ের স্ত্রী,
40 মাসীত ভাইয়ের মেয়ে, ইত্যাদি নানাবিধ কুটুম্বিনীতে কাকস-
মাকুল বটবৃক্ষের ছায়, রাত্রি দিবা কল কল করিত । এবং
অস্বচ্ছ নানাপ্রকার চীৎকার, হাস্য পরিহাস, কলহ, কুতর্ক,
গল্প, পরনিন্দা, বালকের ছড়াছড়ি, বালিকার রোদন, “অন
আন” “কাপড় দে” “ভাত রাখলে না” “ছেলে খায় নাই”
45 “দুখ কই” ইত্যাদি শব্দে সংক্ষুব্ধ সাগরবৎ শব্দিত হইত ।
তাহার পাশে ঠাকুর বাড়ীর পশ্চাতে, রত্নশালা । সেখানে
আরো জাঁক । কোথাও কোন পাচিকা ভাতের হাঁড়িতে স্থান
দিয়া পা গোট করিয়া, প্রতিবাসিনীর সঙ্গে তাঁহার ছেলের
বিবাহের ঘটীর গল্প করিতেছেন । কোন পাচিকা বা কাঁচা
50 কাঠে ফুঁ দিতে দিতে ধুঁয়ায় বিগলিতলোচনা হইয়া, বাড়ীর গো-
মস্তার নিন্দা করিতেছেন, এবং সে যে টাকা হুরি করিবার
মানসেই ভিজা কাঠ কাটাইয়াছে, তদ্বিষয়ে বহুবিধ প্রমাণ
প্রয়োগ করিতেছেন । কোন সন্দরী তণ্ড তৈলে মাছ দিয়া চক্কু
মুদিয়া, দশনাবলী বিকট করিয়া, মুখভঙ্গি করিয়া আছেন,
55 কেন না তণ্ড তৈল ছিটকাইয়া তাঁহার গায়ে লাগিয়াছে ; কেহ
বা স্নানকালে বহু-তৈলাক্ত, অসংযমিত কেশরাশি, চুড়ার আ-
কারে সীমন্তদেশে বাঁধিয়া ভালো কাটি দিতেছেন ॥

From বিষবৃক্ষ or 'The Poison Tree,' by Bankim Chandra
Chatterjee. Chap. vii.

VI.

Letter of a Deserted Wife.

শোকের প্রথম বেগ সম্বরণ হইলে, কমলমণি পত্র খুলিয়া পড়িলেন । পত্রখানির শিরোনামায় তাঁহারই নাম । পত্র এই-রূপ;—

“যে দিন স্বামীর মুখে শুনিলাম যে আমাতে আর তাঁর কিছুমাত্র স্থখ নাই, তিনি কুন্দনন্দিনীর জন্ত উন্মাদগ্রস্ত হইবেন, 5 অথবা প্রাণত্যাগ করিবেন, সেই দিনেই মনে মনে সঙ্কল্প করিলাম, যদি কুন্দনন্দিনীকে আবার কখন পাই, তবে তাহার হাতে স্বামীকে সমর্পণ করিয়া তাঁহাকে স্থখী করিব । কুন্দনন্দিনীকে স্বামী দান করিয়া আপনি গৃহত্যাগ করিয়া যাইব; কেন না, আমার স্বামী কুন্দনন্দিনীর হইলেন, ইহা চক্ষে দেখিতে 10 পারিব না । এখন কুন্দনন্দিনীকে পুনর্বার পাইয়া তাহাকে স্বামী দান করিলাম । আপনিও গৃহত্যাগ করিয়া চলিলাম ।

“কালি বিবাহ হইবার পরেই আমি রাজে গৃহত্যাগ করিয়া যাইতাম । কিন্তু স্বামীর যে স্থখের কামনায় আপনার প্রাণ আপনি বধ করিলাম, সে স্থখ ছই একদিন চক্ষে দেখিয়া যাই- 15 বার সাধ ছিল । আর তোমাকে আর একবার দেখিয়া যাইব সাধ ছিল । তোমাকে আসিতে লিখিয়াছিলাম—তুমি অবশ্য আসিবে, জানিতাম । এখন উভয় সাধ পরিপূর্ণ হইয়াছে । আমার যিনি প্রাণাধিক, তিনি স্থখী হইয়াছেন ইহা দেখিয়াছি । তোমার নিকট বিদায় লইয়াছি । আমি এখন চলিলাম । 20

“তুমি যখন এই পত্র পাইবে, তখন আমি অনেক দূর যাইব । তোমাকে যে বলিয়া আসিলাম না, তাহার কারণ এই

যে, তা হইলে তুমি আসিতে দিতে না। এখন তোমাদের কাছে আমার এই ভিক্ষা যে, তোমরা আমার সম্মান করিও না।

- 25 “তোমার কাছে জন্মের মত বিদায় হইলাম, আশীর্বাদ করি, তোমার স্বামী পুত্র দীর্ঘজীবী হউক। তুমি চিরস্থায়ী হও। আরও আশীর্বাদ করি যে, যে দিন তুমি স্বামীর প্রেমে বঞ্চিত হইবে, সেই দিন যেন তোমার আয়ুঃশেষ হয়। আমায় এ আশীর্বাদ কেহ করে নাই ॥”

Ibid. Chap. xxviii.

VII.

An Unscrupulous Attorney.

বাবুরাম বাবুর টাকাতে অভিশয় মায়া—বড় হাত ডারি—
বাক্স থেকে টাকা বাহির করিতে হইলে বিষম দায় হয়।
মহাজনদিগের সহিত কচুকি ঝঙ্ককি করিতেছেন, হেঁতিমণ্ডে
প্রেমনারায়ণ মক্কুমদার আসিয়া উপস্থিত হইলেন এবং কলি-
5 কাতার সকল সমাচার কাণে বলিলেন। বাবুরাম বাবু শুনিয়া
স্বস্ত হইয়া থাকিলেন—বোধ হইল যেন বজ্র ডাঙ্গিয়া তাঁহার
মাথায় পড়িল। ক্রমে কাল পরে স্থস্থির হইয়া ডাবিয়া মো-
কাজান মিয়াকে ডাকাইলেন। মোকাজান আদালতের কর্ণে বড়
পটু। অনেক জমিদার মীলকর প্রভৃতি সর্বদা তাহার সহিত
10 পরামর্শ করিত। জাল করিতে—সাক্ষী সাজাইয়া দিতে—
দারোগা ও আমলাদিগকে বশ করিতে—গাঁতের মাল লইয়া
হজম করিতে—দাঙ্গা হাজামের জোটপাট ও হুকুকে নয় করিতে
নয়কে হয় করিতে তাহার কুশল আর এক জন পাওয়া ডার।
তাহাকে আদর করিয়া সকলে ঠকচাচা বলিয়া ডাকিত, ভিনিও

তাহাতে গনিয়া যাইতেন এবং মনে করিতেন আমার শুভক্ষণে 15
 জন্ম হইয়াছে—রুমজান হৈদ সোবেরাত আমার করা সার্থক—
 বোধ হয় পিরের কাছে কসে ক্ষয়তা দিনে আমার কুদুরৎ
 আরও বাড়িয়া উঠিবে । এই ভাবিয়া একটা বদনা লইয়া উক্ক
 করিতে ছিলেন, বারুরাম বারুর ডাকাডাকি হাঁকাহাঁকিতে তাড়া-
 তাড়ি করিয়া আসিয়া নিশ্চিন্তে সকল সংবাদ শুনিলেন । কিছু- 20
 কাল ভাবিয়া বলিলেন—ভর কি বারু? এমন কত শত মকদ্দমা
 যুঁই উড়াইয়া দিয়েছি—এবা কোন্ ছার? মোর কাছে পাকা ২
 লোক আছে—তেনাদের সাথে করে গিয়ে যাব—তেনাদের
 জবানবন্দিতে মকদ্দমা জিতব—কিছু ভর কর না—কেল্ খুব
 কজরে এসবো, এল্ চলাম ॥ 25

From আলালের ঘরের ছলাল or 'The Spoilt Child of the House of
 Alāl,' by Tekchand Thākur (Piāri Chand Mitra). Chap. v.

VIII.

The Rake's Progress.

মতিলাল ক্রমে ২ মেরোয়া হইয়া উঠিল, এমনি খুস্ত হইল যে
 পিতার চক্ষে ধূলা দিয়া নামা অভ্যস্ত ও অসৎ কর্ম্ম করিতে
 লাগিল । সর্বদাই সন্ধিদিগের সহিত বলাবলি করিত বুড়া বেটা
 একবার চোক বুজলেই মনের সাধে বারুয়াশা করি । মতিলাল
 বাপ মার নিকট হইতে টাকা চাহিলেই টাকা দিতে হইত— 5
 বিলম্ব হইলেই তাহাদিগকে বলে বসিত—আমি গলায় দড়ি
 দিব অথবা বিষ খাইয়া মরিব । বাপ মা ভয় পাইয়া মনে
 করিতেন কপালে যাহা আছে তাই হবে এখন ছেলেটি প্রাণে
 বাঁচিয়া থাকিলে আমরা বাঁচি—ও আমাদিগের শিব রাজির

- 10 শলিতা—বেঁচে থাকুক, তবু এক গল্পের জল পাব । মতিলাল
 ধুমধামে সর্বদাই শব্দ—বার্চীতে তিনার্ছ থাকে না । কখন বন-
 ভোজননে মস্ত—কখন যাত্রার দলে আকড়া দিতে আসক্ত—
 কখন পাঁচালির দল করিতেছে—কখন সকের দলের কবিওয়া-
 লাদিগের সঙ্গে দেওরা ২ করিয়া চাঁচাইতেছে—কখন বারওয়ারি
- 15 পুজার জন্ত দৌড়াদৌড়ি করিতেছে—কখন খেমটার নাচ দেখিতে
 বসিয়া গিয়াছে—কখন অনর্থক মারপিট, দাঙ্গা হাঙ্গামে উদ্ভাস
 আছে । নিকটে সিঁহি, চরস, গাঁজা, গুলি, মদ অনবরত চলি-
 যাছে—শুড়ুক পালাই ২ ডাক ছাড়িতেছে । বাবুরা সকলেই সর্বদা
 ফিটফিট—মাথায় ঝাঁকড়া ছল—দাঁতে মিসি—সিপাই পেড়ে
- 20 ঢাকাই ধুতি পরা—বুটোদার একলাই ও গাজের মেরজাই গায়—
 মাথায় জরির তাজ—হাতে আভরে নুরনুরে রেসমের হাতরমাল
 ও এক ২ ছড়ি—পায়ে রূপার বগুসওয়ালা ইংরাজি জুতা । ভাত
 থাইবার অবকাশ নাই কিন্তু খাস্তার কহুরি, খাসা গোজা,
 ববুফি, নিখুতি, মনোহরা ও গোলাবি খিলি সঙ্গে ২ চলিয়াছে ॥

Ibid. Chap. ix.

IX.

A Sylvan Scene.

লক্ষণ কহিলেন আর্ন্ত ! এ দিকে দশকারণভূভাগ অবলোকন
 করিল । এই স্থানে দুর্ভব কবচ রাক্ষসের বাস ছিল । এই এ
 দিকে পল্লা সরোবর । রাম পল্লা শব্দ শ্রবণে সীতাকে সঙ্ঘোষন
 করিয়া কহিলেন, প্রিয়ে পল্লা পরম রমণীয় সরোবর । আমি
 5 তোমার অন্বেষণ করিতে ২ পল্লাতীরে উপস্থিত হইলাম । দেখি-
 লাম প্রকৃত্ত কমল সকল মন্দ মারুত ভরে ঐবৎ আন্মোজিত

হইয়া সরোবরের অনির্বচনীয় শোভা সম্পাদন করিতেছে ।
 উহাদের সৌরভে চতুর্দিক আমোদিত হইতেছে । মধুকরেরা
 মধুপানে মত্ত হইয়া গুন গুন স্বরে গান করিয়া উড়িয়া বেড়াই-
 তেছে হংস সারস প্রভৃতি বহুবিধ বারিবিহঙ্গগণ মনের আনন্দে ১০
 নির্মল সঙ্গিলে কেলি করিতেছে ॥

From *সীতার বনবাস* by Pandit Ishwara Chandra Vidyāsāgara.

Chap. i. p. 19.

X.

Sitā's Lament.

এই বলিতে ২ জানকীর কষ্টরোধ হইয়া গেল । তিনি কিয়ৎ
 ক্ষণ বাস্ত নিঃসরণ করিতে পারিলেন না ; অনন্তর দীর্ঘ নিশ্বাস
 পরিত্যাগ পূর্বক কহিলেন । লক্ষ্মণ, আমি জন্মান্তরে কত মহা-
 পাতক করিয়াছিলাম বলিতে পারি না নতুবা বিধাতা আমার
 কপালে এত দুঃখভোগ লিখিবেন কেন? বিধাতারই বা অপরাধ ৫
 কি সকলে আপন ২ কৰ্ম্মের ফল ভোগ করে আমি জন্মান্তরে
 যেমন কৰ্ম্ম করিয়াছিলাম এ জন্মে সেইরূপ ফল ভোগ করি-
 তেছি । বোধ করি পূর্ব জন্মে কোনও পতিপ্রাণা কামিনীকে
 পতিবিরয়োজিতা করিয়া ছিলাম সেই মহাপাপেই আজ আমার
 এই ছুরবস্থা ঘটিল নতুবা আর্জপুত্রের হৃদয় স্নেহ দয়া ও মমতায় ১০
 পরিপূর্ণ । আমিও যে একান্ত পতিপ্রাণা ও শুদ্ধচারিণী তাহাও
 তিনি বিলক্ষণ জানেন । তথাপি যে এমন সময়ে আমার পরি-
 ত্যাগ করিলেন সে কেবল আমার পূর্বজন্মান্বিত কৰ্ম্মের ফল
 ভোগ ॥

Ibid., p. 55.

XI.

A Charge of Theft laid at a Police Station.

জেলা হরিপুর থানা নবখালি

বাদী . . . রাম কৃষ্ণ দাস

আসামী . . . কৃষ্ণ দাস

সাং তাঁতীবন্দর

মোকদ্দমা

দঃ বিঃ ১৩৮০

১৯ নং জাহ্নস্মারি }
১৮-৯১ সাল }

আমি শ্রী রাম কৃষ্ণ দাস বৈরাগী পোঃ ৬ কৃষ্ণ চৈতন্য দাস
বৈরাগী স্টেশনে উপস্থিতে এজাহার করিতেছি যে গত বুধ-
বারের দিন রাজি আমার বাটীতে একটা অতিথি ঘাইয়া রা-
জিতে থাকিতে চাহায় আমি তাহাকে খাওয়াইয়া আপন গায়ের
5 পুঁবাতন ১ খানা লুইয়ের কাপড় তাহাকে গায় দিতে দিয়া
দক্ষিণ দ্বারী খোলা ঘরের মধ্যে আমি ও সে শুইয়া ঘুঘাইয়া
গিয়াছিলাম; রাজি ছুই দণ্ড থাকিতে উঠিয়া দেখিলাম যে আমার
মিকট শুইয়া থাকা অতিথিটি নাই, খালি বিছানা পড়িয়া আছে
এবং আমার একটা পিতলের কমণ্ডলু তথায় ছিল, তাহা নাই,
10 তখন চারি দিক তন্নাস করিয়া না পাইয়া, তন্নাসে গিয়াছিলাম,
ছুই দিন পরে বাড়ি আসিয়া মহল্লার সমির সেথ চৌকীদারকে
বলিয়া এতক তন্নাস করিতেছিলাম, পাই নাই; তাহার নাম
তখন কৃষ্ণ দাস ও বাড়ি প্রথম বনগ্রাম পরে তাঁতীবন্দর বলি-
য়াছিল; সে আর কোন দিন আমার বাড়ী যায় নাই সেও
15 বৈরাগী বলিয়া পবিচয় দিয়াছিল, তাহার সঙ্গে একটা আঁচলা

ও একটা হাঁকা এবং একখানা কাশ্মীরী ছিল, আমার ঐ লুইয়ের দাম এক্ষণে ১, একটাকা হইবে; ছেঁড়ে নাই, ২ স্বামে ইন্দুরে কাটার সেলাই করা ও আড়ে ছই মূড়া কান ফিতা দিয়া মুখে সেলাই আছে । ও কমণ্ডলু আন্দাজ ১/১ এক সের কি ১/১ । সওয়া সের আছে, তাহার দুস্ব ১১০ আনা হইবে । আমার ২০ এজাহার এই, আমি লেখা পড়া জানি; নিজের নাম লিখিতে পারি, তদন্তের প্রার্থনা রাখি ইতি ।

বাদীকে এই এজাহার পাঠ করিয়া শুনাইলে ঠিক থাকা কহিল ইতি ॥

XII.

A Charge of Theft laid at a Police Station.

জেলা হরিপুর থানা করিমাবাদ

বাদী রাম নারায়ণ ঘোষ সাং চালতে তলা } মোঃ দঃ ৩৭৯/৪১১
আসামী কাকি সেখ ,, তোলাইপুর } ধারা

৫ নং জাহুয়ারি }
১৮-৯১ সাল }

আমি ঐ রাম নারায়ণ ঘোষ বয়স ২৪/২৫ বৎসর, পিতা রামেশ্বর ঘোষ সাং চালতে তলা ১২ নং বীট; ১২ নং বুধই সেখ চৌকীদার সহ আপনার মিকট জমসেরপুর গ্রামে রাত্রি ১০ টার সময়, রাইটার কমন্টেবলের পত্র দাখিল করিয়া এই এজাহার করিতেছি যে আমার একটি ছিটের কোট ও সাদা 5

পিরান্ আজ্ ৩ দিন হইল আমার পূর্ব্ দ্বারী আল্গা ঘরে
 রাখিয়াছিলাম গত পরশু তারিখে আমার খুড়া গোপীনাথ ঘোষ
 গোয়াড়ি যাওয়াতে, তিনি নইয়া গিয়াছেন, মনে করিয়াছিলাম;
 কল্য রাখিতে আমার ঐ খুড়া বাড়ী আসায় তাঁহাকে জিজ্ঞাসা
 ১০ করায় তিনি নইয়া যান নাই বলেন, তখন ঐ পিরান ৩ কোট
 ঐ তারিখের মধ্যে কোন দিন হুরি হওয়া জানিয়া বুধুই চৌকী-
 দারকে কহিয়া উল্লাস করিতেছিলাম; আজ্ প্রাতে মটর গাছ
 কিনিতে ভোলাইপুর যাই, তথায় পরাণ বিশ্বাসের বাড়ির কাছে
 বসিয়াছিলাম । সেই সময় ঐ ভোলাইপুর সাকিনের কাকি
 ১৫ সেখ আমার হুরি যাওয়া বোর্টটি গায় দিয়া আসিতে থাকায়
 আমার হুরি যাওয়া কোট্ চিনিয়া ধরি; কাকি সেখ কহে ঐ
 কোট্ তাহার ছোট্ ভাই গায় দিতে দিয়াছে, এই কোট্ কাহার
 তাহা জানে না । জাম্ড়ে গ্রামের পুলিন ও বিপিন ঘোষের
 নিকট রাখিয়া টেপিদহ গ্রামের চৌকীদারকে ডাকিতে যাই তথায়
 ২০ জাম্ড়ে গ্রামের বুধুই সেখ চৌকীদারকে ও টেপিদহ গ্রামের
 চিনি সেখ চৌকীদারকে পাইয়া ডাকিয়া আনি এবং কাকি
 সেখকে, মোকদ্দমা করিব না, দে ভাই আমার সাদা পিরানটি;
 তাহাতে ঐ কাকি সেখ চালুতেতলার কড়ঙ্গ সাহা, ভোলাই
 পুরের নছর মণ্ডল, এবাদ সেখ, ফকীর মালুতে, হাজি মালুতে
 ২৫ প্রভৃতির সাক্ষাতে ঐ সাদা পিরানটি ঘর হইতে বাহির করিয়া
 দেয় তাহাতে ঐ কাকি সেখ, আমার নিম্নের তালিকার লিখিত
 ৫০ ৩ ছত্বের কোট্ পিরান হুরি করা জানিয়া চৌকীদার সহ
 টেননে রাঃ কঃ কে সংবাদ দিয়া তাঁহার পত্র নইয়া আপনার
 নিকট আসিয়া এই এজাহার করিলাম । প্রতিবাদীর উপর দাবী
 ৩০ ও উদ্ভেদ প্রার্থনা করি; ঐ কোট মজলিসপুরের ব্রজেন্দ্র

নাথ চৌধুরী দিয়াছিল ও পিরানট নাটনার কবিমন্ডিসেখ
সেবাই করিয়া দিয়াছিল, এই মাত্র যে আমার তাহা ব্রজেন
চৌধুরী কবিমন্ডি খনিফা, কুঞ্জ দাস ও রাম গোপাল চৌধুরী
চিনিবেক ॥

XIII.

A Charge of Burglary laid at a Police Station.

জেলা হরিপুর থানা আলমপুর

বাদী . . . রাম চন্দ্র সীংহ সাং লতিডোঙ্গা

আসামী . . . অজ্ঞাত

দাঃ বিঃ ৪৫৭ ধারা, সিঁদ হুরি

৯ নং মার্চ }
১৮-৯১ সাল }

আমার নাম রাম চন্দ্র সীংহ পোঃ সেবক সীংহ পূর্ববাস
কলিকাতা, ভবানীপুর হাং বাস লতিডোঙ্গা মহল্লার চৌকীদার
ভরস সেখ সহ পঞ্চাইতের এতেলা দাখিল করিয়া এজাহার
করিতেছি যে গত রাজিভে আমার উত্তর ছারী ঘরের মধ্যে
আপন পরিবার সহ শুইয়াছিলাম, রাজি ১ টার সময় ঘরের ৪
মাচার উপর হইতে চোর বাক্স মীচে মামাম শব্দ শুনিয়া
আমার পরিবারের হুম ডাঙ্গিয়া আমাকে জাগাইলে, হর তখন
অজ্ঞকার ছিল,—১ টি লোক সিঁদ দিয়া বাহির হইয়া যায় এই
লোকটিকে চিনিতে পারি নাই, বাহিরে আর কেহ ছিল কিনা
বলিতে পারি না; আলো জ্বালিয়া দেখি আর একটি বাক্স ১০

ঐ মাচায় ছিল, ঐ বাক্সের তাল খোলা, মঞ্জুস্বিত কাঁসার পানের বাটায় থাকা ও কাঁসার গেলাসে থাকা মগদ টাকা পয়সা সিকি দুয়ানি, ১০, টাকার হিসাবে ২ কেতা নোট, মাল আদি নিম্নের মাল চোরে হুরি করিয়া লইয়া গিয়াছে; লতি-
 15 ভোক্তার প্রক্লাদ বিশ্বাসের সহিত আমার মনান্তর আছে, তাহার যোগাযোগে হুরি হইয়াছে। সোণার চিক আদি রূপার মল তাবিজ আদি চোরে মামান বাক্সে থাকায় লইতে পারে নাই। রক্তিতে চৌকীদার পাহারা দিয়া গেলে এই ঘটনা হইয়াছে, আমার এজাহার এই লেখা পড়া জানি না; এজাহার পাঠ
 20 করাইয়া শুনাইলে কহিল ঠিক লেখা আছে ॥

XIV.

Petition of a Village Watchman.

মহামহিম জেলা হরিপুরের শ্রীল শ্রীহরত মাজিষ্টার সাহেব
 বাহাছর প্রবল প্রতাপেশু

দরখাস্ত শ্রী হিরুলাল ঘোষ বরখাস্ত চৌকিদার সাং গোবিন্দ
 পুর অধিনের নিবেদন এই যে আমি ইতি পূর্বে চৌকিদারি
 কার্ডে নিহরত থাকিয়া বিশেষ সূখ্যাতির সহিত কার্ড করিয়া
 আসিতেছিলাম। আমার অটল ঘোষ নামক একটা সহোদর
 5 ভ্রাতা আছে; দৈবাধীন সে এক জন ছুটে লোকের পরামর্শে
 মিলিয়া অস্ত্র প্রায় ৭ সাত বৎসর হইল একটা হুরি মোকদ্দ-
 মায় আশামী হইয়া ২ ছই বৎসর কয়েদ সাজা পায় তাহার
 পর এ পর্জন্ত সে আর কোন রূপ দুকর্নের কার্ড করে নাই

ও তাহার সেই স্বভাব সংশোধন হইয়া গিয়াছে আমি বুঝিতে পারিতেছি । প্রায় ৪½ মাস অতীত হইল পূর্বস্থিত ঐহুক্ত 10
 ভিঃ স্ঃ সাহেব বাহাছর এক সময়ে মোরখালী থানায় ইনস্পেকশন করিতে আসিয়া আমি উক্ত কয়েদ খালাশী অটল ঘোষের সহোদর ভ্রাতা জামিতে পারিয়া আমাকে চৌকিদারী কার্জে নিহুক্ত রাখা ভাল মছে বিবেচনা করিয়া মোরখালী থানায় ঐহুক্ত সব ইঃ বাবুকে আমাকে বরখাস্ত করার 15
 প্রার্থনার রিপোর্ট দিতে আদেশ করেন মোরখালীর পূর্বস্থিত সব ইঃ বাবু লাল বিহারী রায় অধিমের বিরুদ্ধে বিপোর্ট করায় চৌকিদারী সেরেন্ডার ভার প্রাপ্ত তেপুচী মাজিঃ রায় বাহাছর আমাকে চৌকিদারী কার্জ হইতে ডিসমিস্ করিয়াছেন ।
 হক্কুর আমি গরিব লোক চাকরিচী ছিন বলিয়া কোম রূপ 20
 প্রকারে দিন গুজরান করিয়া আসিতেছিলাম, হটাৎ চাকরিচী যাওয়ার আমার বড় কষ্টে দিন গুজরান করিতে হইতেছে । এক্ষণে অস্ত্র উপায় না দেখিয়া আমার উক্ত ভ্রাতার চরিত্র সংশোধন হওয়ার স্বত্তে ও অস্ত্র হইতে আমি পৃথক হইয়া অস্ত্র বাড়িতে বাস করিতেছি ও ঐ চাকরি পাইবার প্রার্থনায় প্রায় 25
 ১ মাস গত হইল মোরখালীর বর্তমান সব ইঃ বাবুর নিকট এক দরখাস্ত করিয়াছি এ পর্যন্ত তাহার কোম হকুম না পাওয়ার হক্কুরে অত্র দরখাস্ত দ্বারায় প্রার্থনা দিয়া করিবকে চৌকিদারী দিয়া প্রতিপালন করার পক্ষে বিহিত আদেশ প্রদান আশা করি বিবেদন ইতি সম ১২৯৮ সাল তারিখ ১৬ 30
 কার্তিক ॥

যে, তা হইলে তুমি আসিতে দিতে না। এখন তোমাদের কাছে আমার এই ভিক্ষা যে, তোমরা আমার সম্মান করিও না।

- 25 “তোমার কাছে জন্মের মত বিদায় হইলাম, আশীর্বাদ করি, তোমার স্বামী পুত্র দীর্ঘজীবী হউক। তুমি চিরস্থায়ী হও। আরও আশীর্বাদ করি যে, যে দিন তুমি স্বামীর প্রেমে বঞ্চিত হইবে, সেই দিন যেন তোমার আয়ুঃশেষ হয়। আমায় এ আশীর্বাদ কেহ করে নাই ॥”

Ibid. Chap. xxviii.

VII.

An Unscrupulous Attorney.

বাবুরাম বাবুর চাকাতে অতিশয় মায়া—বড় হাত ভারি—
বাক্স থেকে টাকা বাহির করিতে হইলে বিঘম দায় হয়।
মহাজনদিগের সহিত কচুকি ঝঝকি করিতেছেন, ইতিমধ্যে
প্রেমনারায়ণ মকুমদার আসিয়া উপস্থিত হইলেন এবং কলি-
5 কাতার সকল সমাচার কাণে ২ বলিলেন। বাবুরাম বাবু শুনিয়া
স্বস্ত হইয়া থাকিলেন—বোধ হইল যেন বস্ত্র ভাঙ্গিয়া তাঁহার
মাথায় পড়িল। কয়েক কাল পরে হস্তির হইয়া ভাবিয়া মো-
কাজান মিয়াকে ডাকাইলেন। মোকাজান আদালতের কর্ণে বড়
পটু। অনেক জমিদার নীলকর প্রভৃতি সর্বদা তাহার সহিত
10 পরামর্শ করিত। জাল করিতে—সাক্ষী সাজাইয়া দিতে—
দারোগা ও আমলাদিগকে বশ করিতে—গাঁতের মাল লইয়া
হজম করিতে—দাঙ্গা হাঙ্গামের জোটপাট ও হয়কে নয় করিতে
নয়কে হয় করিতে তাহার কুস্ত আর এক জন পাওয়া ভার।
তাহাকে আদর করিয়া সকলে ঠকচাচা বলিয়া ডাকিত, ভিমিও

তাহাতে গলিয়া যাইতেন এবং মনে করিতেন আমার শুভক্ষণে 15
 জন্ম হইয়াছে—রমজান হৈদ সোবেরাত আমার করা সার্থক—
 বোধ হয় পিরের কাছে কসে ফয়তা দিলে আমার কুদরৎ
 আরও বাড়িয়া উঠবে । এই ভাবিয়া একটা বদনা লইয়া উকু
 করিতে ছিলেন, বাবুরাম বাবুর ডাকাডাকি হাঁকাহাঁকিতে তাড়া-
 তাড়ি করিয়া আসিয়া নিশ্চিন্তে সকল সংবাদ শুনিলেন । কিছু- 20
 কাল ভাবিয়া বলিলেন—ভর কি বাবু? এমন কত শত মকদ্দমা
 যুঁই উড়াইয়া দিয়েছি—এবা কোন্ ছার? মোর কাছে পাকা ২
 লোক আছে—তেনাদের সাথে করে গিয়ে ঘাব—তেনাদের
 জবানবন্দিতে মকদ্দমা জিত্ব—কিছু ভর কর না—কেলু খুব
 ফজরে এসবো, এজ্ চল্লাম ॥ 25

From আলালের ঘরের ছলাল or 'The Spoilt Child of the House of
 Alāl,' by Tekchand Thākur (Piāri Chand Mitra). Chap. v.

VIII.

The Rake's Progress.

মতিলাল ক্রমে ২ মেরোয়া হইয়া উঠিল, এমনি খুস্ত হইল যে
 পিতার চক্ষে ধূলা দিয়া নানা অভ্যস্ত ও অসৎ কর্ম্ম করিতে
 লাগিল । সর্বদাই সঙ্গিদিগের সহিত বলাবলি করিত বড়ো বেটা
 একবার চোক বুজলেই মনের সাদে বাবুয়াশা করি । মতিলাল
 বাপ মার নিকট হইতে টাকা চাহিলেই টাকা দিতে হইত— 5
 বিলম্ব হইলেই তাহাদিগকে বলে বসিত—আমি গলায় দড়ি
 দিব অথবা বিষ খাইয়া মরিব । বাপ মা ভয় পাইয়া মনে
 করিতেন কপালে ঘাছা আছে তাই হবে এখন ছেলেরি প্রাণে
 বাঁচিয়া থাকিলে আমরা বাঁচি—ও আমাদিগের শিব রাত্রির

- 10 শনিতা—বেঁচে থাকুক, তবু এক গণ্ডুষ জল পাব । মতিলাল
 ধুমধামে সর্বদাই শব্দ—বার্চীতে তিনাৰ্ছ থাকে না । কখন বন-
 ভোজনে মস্ত—কখন যাত্রার দলে আকড়া দিতে আসক্ত—
 কখন পাঁচালির দল করিতেছে—কখন সকের দলের কবিওয়া-
 লাদিগের সঙ্গে দেওরা ২ করিয়া চৈঁচাইতেছে—কখন বারওয়ানি
 15 পুজার জন্ত দৌড়াদৌড়ি করিতেছে—কখন খেমটার নাচ দেখিতে
 বসিয়া গিয়াছে—কখন অনর্থক মারপিট, দাঙ্গা হাঙ্গামে উন্মত্ত
 আছে । নিকটে সিঁছি, চরস, গাঁজা, গুলি, মদ অনবরত চলি-
 য়াছে—শুড়ুক পামাই ২ ডাক ছাড়িতেছে । বাবুরা সকলেই সর্বদা
 ফিট্‌ফাট্—মাথায় ঝাঁকড়া ছল—দাঁতে মিসি—সিপাই পেড়ে
 20 ঢাকাই ধুতি পরা—বুটোদার একলাই ও গাজের মেরজাই গায়—
 মাথায় জরির তাজ—হাতে আভরে ছুরছুরে রেসমের হাতরুমালা
 ও এক ২ ছড়ি—পায়ে রুপার বগুসওয়ানা ইংরাজি জুতা । ভাত
 খাইবার অবকাশ নাই কিন্তু খাস্তার কছুরি, খাসা গোলা,
 বরফি, নিখুতি, মনোহরা ও গোলাবি খিলি সঙ্গে ২ চলিয়াছে ॥

Ibid. Chap. ix.

IX.

A Sylvan Scene.

লক্ষ্মণ কহিলেন আশ্চ! এ দিকে দণ্ডকারণতুভাগ অবলোকন
 করুন । এই স্থানে চুর্চর্য কবর রাঙ্কসের বাস ছিল । এই এ
 দিকে পম্পা সরোবর । রাম পম্পা শব্দ শ্রবণে সীতাকে সন্মোদন
 করিয়া কহিলেন, প্রিয়ে পম্পা পরম রমণীয় সরোবর । আমি
 5 তোমার আশ্বেষণ করিতে ২ পম্পাতীরে উপস্থিত হইলাম । দেখি-
 লাম শ্রেফুল কমল সকল মন্দ মারুত ডরে উষৎ আন্দোলিত

হইয়া সরোবরের অনির্বচনীয় শোভা সম্পাদন করিতেছে ।
 উহাদের সৌরভে চতুর্দিক আমোদিত হইতেছে । মধুকরেরা
 মধুপানে মত্ত হইয়া গুন গুন স্বরে গান করিয়া উড়িয়া বেড়াই-
 তেছে হংস সারস প্রভৃতি বহুবিধ বারিবিহঙ্গগণ মনের আনন্দে 10
 নির্মল সঙ্গিলে কেলি করিতেছে ॥

From সীতার বনবাস by Pandit Ishwara Chandra Vidyāsāgara.
 Chap. i. p. 19. .

X.

Sitā's Lament.

এই বলিতে ২ জ্ঞানকীর কণ্ঠরোধ হইয়া গেল । তিনি কিয়ৎ
 ক্ষণ বাক্ত নিঃসরণ করিতে পারিলেন না ; অনন্তর দীর্ঘ নিশ্বাস
 পরিত্যাগ পূর্বক কহিলেন । জন্মণ, আমি জন্মান্তরে কত মহা-
 পাতক করিয়াছিলাম বলিতে পারি না নতুবা বিধাতা আমার
 কপালে এত ছঃখভোগ লিখিবেন কেন? বিধাতারই বা অপরাধ 5
 কি সকলে আপন ২ কর্মের ফল ভোগ করে আমি জন্মান্তরে
 যেমন কর্ম করিয়াছিলাম এ জন্মে সেইরূপ ফল ভোগ করি-
 তেছি । বোধ করি পূর্ব জন্মে কোনও পতিপ্রাণা কামিনীকে
 পতিবিরয়োজিতা করিয়া ছিলাম সেই মহাপাপেই আজ আমার
 এই ছুরবস্থা ঘটিল নতুবা আর্ন্তপুত্রের হৃদয় স্নেহ দয়া ও মমতায় 10
 পরিপূর্ণ । আমিও যে একান্ত পতিপ্রাণা ও শুদ্ধচারিণী তাহাও
 তিনি বিলক্ষণ জানেন । তথাপি যে এমন সময়ে আমার পরি-
 ত্যাগ করিলেন সে কেবল আমার পূর্বজন্মান্বিত কর্মের ফল
 ভোগ ॥

Ibid., p. 55.

XI.

A Charge of Theft laid at a Police Station.

জেলা হরিপুর থানা নবখালি

বাদী . . . রাম কৃষ্ণ দাস

আসামী . . . কৃষ্ণ দাস

সং তঁতীবন্দর

মোকদ্দমা

নং বিঃ ১৮০

১৯ নং জাহ্নয়ারি }
১৮-৯১ সাল }

আমি শ্রী রাম কৃষ্ণ দাস বৈরাগী পোঃ ৬ কৃষ্ণ চৈতন্য দাস
বৈরাগী ষ্টেশনে উপস্থিতে এজাহার করিতেছি যে গত বুধ-
বারের দিন রাজি আমার বাচীতে একটা অতিথি ঘাইয়া রা-
জিতে থাকিতে চাহায় আমি তাহাকে খাওয়াইয়া আপন গায়ের
৫ প্রবাতন ১ খানা লুইয়ের কাপড় তাহাকে গায় দিতে দিয়া
দক্ষিণ দ্বারী খোলা ঘরের মধ্যে আমি ও সে শুইয়া সুঘাইয়া
গিয়াছিলাম; রাজি ছই দশ থাকিতে উঠিয়া দেখিলাম যে আমার
মিকট শুইয়া থাকা অতিথিটি নাই, খালি বিছানা পড়িয়া আছে
এবং আমার একটা পিতলের কমণ্ডলু তথায় ছিল, তাহা নাই,
১০ তখন চারি দিক তল্লাস করিয়া না পাইয়া, তল্লাসে গিয়াছিলাম,
ছই দিন পরে বাড়ি আসিয়া মহল্লার সমির সেখ চৌকীদারকে
বলিয়া এতক তল্লাস করিতেছিলাম, পাই নাই; তাহার নাম
তখন কৃষ্ণ দাস ও বাড়ি প্রথম বনগ্রাম পরে তঁতীবন্দর বলি-
য়াছিল; সে আর কোম দিন আমার বাড়ী যায় নাই সেও
১৫ বৈরাগী বলিয়া পরিচয় দিয়াছিল, তাহার সঙ্গে একটা আঁচলা

ও একটা হাঁকা এবং একখানা কাশ্মীরী ছিল, আমার ঐ লুইয়ের নাম এক্ষণে ১, একটাকা হইবে; ছেঁড়ে নাহি, ২ স্থানে ইন্দুরে কাটার সেলাই করা ও আড়ে দুই মূড়া কান ফিতা দিয়া মুখে সেলাই আছে । ও কমণ্ডলু আন্দাজ ১/১ এক সের কি ১/১ । সওয়া সের আছে, তাহার দুই ১০ আনা হইবে । আমার ২০ এজাহার এই, আমি লেখা পড়া জানি; নিজের নাম লিখিতে পারি, তদন্তের প্রার্থনা রাখি হইতি ।

বাদীকে এই এজাহার পাঠ করিয়া শুনাইলে ঠিক থাকা কহিল হইতি ॥

XII.

A Charge of Theft laid at a Police Station.

জেলা হরিপুর থানা করিমাবাদ

বাদী রাম নারায়ণ ঘোষ সাং চালুতে তলা } মোঃ দঃ ৩৭৯/৪১১
আসামী কাকি সেখ ,, তোলাইপুর } ধারা

৫ নং জাম্‌য়ারি }
১৮-৯১ সাল }

আমি শ্রী রাম নারায়ণ ঘোষ বয়স ২৪/২৫ বৎসর, পিতা রামেশ্বর ঘোষ সাং চালুতে তলা ১২ নং বীট; ১২ নং রুখুই সেখ চৌকীদার সহ আপনার নিকট জমসেরপুর গ্রামে রাজি ১০ টার সময়, রাইটার কমন্টেবলের পত্র দাখিল করিয়া এই এজাহার করিতেছি যে আমার একটি ছিটের কোট ও সাদা ৫

পিরান্ আজ্ ৩ দিন হইল আমার পূর্ব্ হারী আনুগা ঘরে
 রাখিয়াছিলাম গত পরশু তারিখে আমার খুড়া গোপীনাথ ঘোষ
 গোয়াড়ি যাওয়াতে, তিনি নইয়া গিয়াছেন, মনে করিয়াছিলাম;
 কলু রাত্রিতে আমার ঐ খুড়া বাড়ী আসায় তাঁহাকে জিজ্ঞাসা
 ১০ করায় তিনি নইয়া যান নাই বলেন, তখন ঐ পিরান ও কোট
 ঐ তারিখের মধ্যে কোন দিন হুরি হওয়া জানিয়া বধুই চৌকী-
 দারকে কহিয়া উল্লাস করিতেছিলাম; আজ্ প্রাতে মটর গাছ
 কিনিতে ভোলাইপুর যাই, তথায় পরাণ বিশ্বাসের বাড়ির কাছে
 বসিয়াছিলাম । সেই সময় ঐ ভোলাইপুর সাকিনের কাকি
 ১৫ সেখ আমার হুরি যাওয়া বোট্টি গায় দিয়া আসিতে থাকায়
 আমার হুরি যাওয়া কোট্ চিনিয়া ধরি; কাকি সেখ কহে ঐ
 কোট্ তাহার ছোট্ ভাই গায় দিতে দিয়াছে, এই কোট্ কাহার
 তাহা জানে না । জাম্ড়ে গ্রামের পুঞ্জিন ও বিপিন ঘোষের
 নিকট রাখিয়া টেপিদহ গ্রামের চৌকীদারকে ডাকিতে যাই তথায়
 ২০ জাম্ড়ে গ্রামের বধুই সেখ চৌকীদারকে ও টেপিদহ গ্রামের
 চিনি সেখ চৌকীদারকে পাইয়া ডাকিয়া আনি এবং কাকি
 সেখকে, মোকদ্দমা করিব না, দে ভাই আমার সাদা পিরানটি;
 তাহাতে ঐ কাকি সেখ চালতেতলার কড়ম্ব সাহা, ভোলাই
 পুরের নছর মণ্ডল, এবাদ সেখ, ফকীর মান্তে, হাজি মান্তে
 ২৫ প্রভৃতির সাক্ষাতে ঐ সাদা পিরানটি ঘর হইতে বাহির করিয়া
 দেয় তাহাতে ঐ কাকি সেখ, আমার নিম্নের তালিকার লিখিত
 ৫০ ৬ ছত্বেকর কোট্ পিরান হুরি করা জানিয়া চৌকীদার সহ
 টেননে রাঃ কঃ কে সৎবাদ দিয়া তাঁহার পত্র নইয়া আপনার
 নিকট আসিয়া এই এজাহার করিলাম । প্রতিবাদীর উপর দাবী
 ৩০ ও তদন্তের প্রার্থনা করি; ঐ কোট মজলিসপুরের ব্রজেন্দ্র

নাথ চৌধুরী দিয়াছিল ও পিরানটি নাটনার কলিমদ্দিসেখ
সেনাই করিয়া দিয়াছিল, এই মান যে আমার তাহা বজ্জেশ
চৌধুরী কলিমদ্দি খলিফা, কুঞ্জ দাস ও রাম গোপাল চৌধুরী
চিনিবেরক ॥

XIII.

A Charge of Burglary laid at a Police Station.

জেলা হরিপুর থানা আনামপুর

বাদী . . . রাম চল্ল সীংহ সাং লতিভোজা

আসামী . . . অজ্ঞাত

দঃ বিঃ ৪৫৭ ধারা, সিঁদ হুরি

৯ নং মার্চ }
১৮-৯১ সাল }

আমার নাম রাম চল্ল সীংহ পেঃ সেবক সীংহ পূর্ববাস
কলিকাতা, ডুবানীপুর হাং বাস লতিভোজা মহল্লার চৌকীদার
ভরস সেখ সহ পঞ্চাইতের এতেলা দাখিল করিয়া এজাহার
করিতেছি যে গত রাত্রিতে আমার উত্তর ঘরীর ঘরের মধ্যে
আপন পরিবার সহ শুইয়াছিলাম, রাত্রি ১ টার সময় ঘরের ৫
মাচার উপর হইতে চোর বাক্স মীচে মামাম শব্দ শুনিয়া
আমার পরিবারের স্রুম ডাকিয়া আমাকে জাগাইলে, ঘর তখন
অন্ধকার ছিল,—১ টি লোক সিঁদ দিয়া বাহির হইয়া যায় এই
লোকটিকে চিনিতে পারি নাই, বাহিরে আর কেহ ছিল কিনা
বন্ধিতে পারি না; আলো স্থানিয়া দেখি আর একটি বাক্স ১০

ঐ মাচায় ছিল, ঐ বাক্সের তাল খোলা, মঞ্চস্থিত কাঁসার পানের বাটায় থাকা ও কাঁসার গেলাসে থাকা মগদ টাকা পয়সা সিকি ছয়ানি, ১০, টাকার হিসাবে ২ কেতা নোট, মান আদি নিম্নের মান চোরে হুরি করিয়া লইয়া গিয়াছে; লতি-
 15 ডোঙ্গার প্রক্লাদ বিশ্বাসের সহিত আমার মনাস্তর আছে, তাহার যোগাযোগে হুরি হইয়াছে। সোণার চিক আদি রূপার মন তাবিজ আদি চোরে নামান বাক্সে থাকায় লহিতে পারে নাই।
 রজিতে চৌকীদার পাহারা দিয়া গেলে এই ঘটনা হইয়াছে, আমার এজাহার এই লেখা পড়া জানি না, এজাহার পাঠ
 20 করাইয়া শুনাইলে কহিল ঠিক লেখা আছে ॥

XIV.

Petition of a Village Watchman.

মহামহিম জেলা হরিপুরের শ্রীল শ্রীহরক মাজিষ্টার সাহেব
 বাহাছর প্রবল প্রতাপেশু

দরখাস্ত শ্রী হিরুমান ঘোষ বরখাস্ত চৌকিদার সাং গোবিন্দ
 পুর অধিনের নিবেদন এই যে আমি ইতি পূর্বে চৌকিদারি
 কার্কে নিযুক্ত থাকিয়া বিশেষ সখ্যাতির সহিত কার্জ করিয়া
 আসিতেছিলাম। আমার অর্জন ঘোষ নামক একটা সহোদর
 5 ভ্রাতা আছে; দৈবাধীন সে এক জন ছুটে লোকের পরামর্শে
 মিলিয়া অস্ত্র প্রায় ৭ সাত বৎসর হইল একটা হুরি মোকদ্দ-
 মায় আশামী হইয়া ২ ছই বৎসর কয়েদ সাজা পায় তাহার
 পর এ পর্ত্ত্ব সে আর কোন রূপ ছুর্কর্মের কার্জ করে নাই

ও তাহার সেই স্বভাব সংশোধন হইয়া গিয়াছে আমি বুকিতে পারিতেছি । প্রায় ৪½ মাস অতীত হইল পূর্বস্থিত শ্রীহরত 10
 ভিঃ স্বঃ সাহেব বাহাছুর এক সময়ে মোরখালী থানায় ইনস্পেকশন করিতে আসিয়া আমি উক্ত কয়েদ খালাশী অটল ঘোষের সহোদর ভ্রাতা জানিতে পারিয়া আমাকে চৌ-
 কিদারী কার্খে নিহরত রাখা ভাল মছে বিবেচনা করিয়া মোর খালী থানায় শ্রীহরত সব হৈঃ বাবুকে আমাকে বরখাস্ত করার 15
 প্রার্থনার রিপোর্ট দিতে আদেশ করিল মোরখালীর পূর্বস্থিত সব হৈঃ বাবু লাল বিহারী রায় অধিনের বিরুদ্ধে বিপোর্ট করায় চৌকিদারী সেরেস্কার ডার প্রাপ্ত ভেপ্তী মাজিঃ রায় বাহাছুর আমাকে চৌকিদারী কার্খ হইতে ডিসমিস করিয়াছেন ।
 হকুর আমি গরিব লোক চাকরিটা ছিল বলিয়া কোন রূপ 20
 প্রকারে দিন গুজরান করিয়া আসিতেছিলাম, হটাৎ চাকরিটা ঘাওয়ায় আমার বড় কষ্টে দিন গুজরান করিতে হইতেছে ।
 এক্ষণে অস্ত উপায় না দেখিয়া আমার উক্ত ভ্রাতার চরিত্র সংশোধন হওয়ার স্বভে ও অস্ত হইতে আমি পৃথক হইয়া অস্ত বাড়িতে বাস করিতেছি ও ঐ চাকরি পাইবার প্রার্থনায় প্রায় 25
 ১ মাস গত হইল মোরখালীর বর্তমান সব হৈঃ বাবুর মিকট এক দরখাস্ত করিয়াছি এ পর্ন্ত তাহার কোন হকুম না পাওয়ায় হকুরে অজ দরখাস্ত দ্বারায় প্রার্থনা দয়া করিয়া গরিবকে চৌকিদারী দিয়া প্রতিপালন করার পক্ষে বিহিত আদেশ প্রদান আঞ্জা চয় মিবদম ইতি সম ১২৯৮- সাল তারিখ ১৬ 30
 কাশ্বিক ॥

XV.

Petition of a Village Watchman.

মহামহিম মহিমাশাগর জেলা হরিপুরের ঞ্জিল ঞ্জিহক
পুলিষ সাহেব বাহাদুর মহিমাৰ্ণবেষু

দরখাস্ত ঞ্জি বারু শেখ চৌকিদার সাকিন চাপাইগাছী
ষ্টেশন মোরখালী জেলা হরিপুর অধিনের কৃতাজ্জলি পূৰ্বক
নিবেদন এই যে, আমি ছোট বেলা হইতে চৌকিদারী কাৰ্ছ
প্রায় ৩০|৩২ বৎসর কাল করিয়া আসিতেছি, প্রথমে এদুরাক
5 পুরের চৌকিদার ছিলাম পরে বদলী করিয়া চাপাইগাছী
গ্রামে দিয়াছিলেন তখন আমার বাৰ্চী দয়েরামপুর ছিল, ৩|৪
বৎসর হইল হুকুর হইতে হুকুম প্রকাশ হয় যে, মহল্লায় বাৰ্চী
না করিলে চৌকিদারী কাৰ্ছ করিতে পারিবেক না, অধিন ঞ্জি
হুকুম শিরোধাৰ্ছ করত আমার মহল্লা চাপাইগাছী গ্রামে
10 বসতি বাৰ্চী প্রস্তুত করিয়া সপরিবার বস বাস করিয়া সরকারী
কাৰ্ছের আনজাম করিতেছি, ধন্ম্ভাবতার ঞ্জি বাৰ্চী প্রস্তুত করিতেও
আমি কন্ম্ভ পত্র করিয়া আনেক শুয় করিয়াছি, এবং এত দিবস
সরকারী কাৰ্ছ করিয়াছি, কখন কোন অপঘশ সরকারে নাই,
বরং প্রশংসা আছে । যখন ঞ্জিহক বারু আনন্দ চন্দ্র রায়
15 মোরখালীর ষ্টেশনে সব ইনস্পেকটর তখন সীমলা সাকিমের
কুড়াম শেখ ও আফ্লামি পেশাকর দিগের আমার মহল্লা
মণ্ডে চোর ধরিয়াছি, তাহাদের ২ বৎসর ম্যাদ হয়, এবং ঞ্জি
সব ইনস্পেকটর বারুর আমলে আমার মহল্লা, মেড়েবাদী
চলতি চোর ধরি তাহারাও শাস্তি পায়, আর অনেক সময়

আমার গুয়াদার কার্ণের প্রশংসা পাইয়াছি । বর্তমান সনের 20
 শ্রাবণ মাস এই মহল্লার, যুক্ত স্কন্দরী দাস্তার ফেলসানি
 মোকর্দমায় উক্ত বাদিনী আশামীর নিকট টাকা লইয়া মোকর্দমা
 ছাড়িয়া দিল, এই মোকর্দমার সাক্ষি আমি ছিলাম বলিয়া বিনা
 অপরাধে মহকুমা রামনগরের জ্বিল জ্বিক্ত ডেপুটী মাজিস্ট্রেট
 বাহাছুর খানাখা আমার উপর রাগান্বিত হইয়া, আমাকে সস- 25
 পেশ করিয়া রাখিয়াছেন ধর্ম্মাবতার আমি কিদোষে দোষী
 হইলাম জানিতেও পারিলাম না, আমি এত কাল সবকারী কার্ণ
 করিয়া বিনা দোষে সসপেশ থাকি বড়ই দুঃখের কথা, তবে
 আমি গরিব চাকর বলিয়াই এ ছুরাবস্থায় পতিত হইয়া রহি-
 য়াছি, আমি যে ছকুরে গিয়া আমার অবস্থা জানাই এমত 30
 সজ্জতি ও নাই, তবে ছকুর এ গরিব চাকরের প্রতি দয়া
 প্রকাশ করিয়া আমার চাপরাশ দিতে ছকুম হয় কিহা আমি
 কি দোষে দোষী বিচার করিয়া আমার মনের আঁধার ঘুচাইতে
 আঞ্জা হয় । উক্ত মোকর্দমার নথী ছকুরে তলব করিলেই
 সমস্ত বিদিত হইতে পারে ধর্ম্মাবতার কর্তা কৃতাজ্জলী পূর্বক 35
 নিবেদন ইতি সন ১২৯৮/২৬ কার্তিক ॥

XVI.

Petition of Objection in a Revenue Suit.

জেলা হরিপুরের কালেকটরী আদালত

ছাএল	আপত্তিকারী
শ্রীতারিণী চরণ দাস, অঘোর নাথ দাস,	শ্রীমতি হরি প্রিয়া দেবী জওজে শ্রী রামচন্দ্র মুখোপাধ্যায়
শ্রীবিনোদ বিহারী দাস ও শ্রীনাথ দাস	সাঃ বেঙ্গলড়িয়া
সর্ব সাঃ হরিপুর	

উপরোক্ত আপত্তিকারীর পক্ষে নিম্ন
লিখিত আপত্তি ॥

- ১। ছাএলগণ ১৯১৬ নঃ মহাল খরিদ সূত্রে ষোল আনা রুকম স্বভূত্বাংশে ক্ষেমছুরী দেতার দরুণ মহালে নাম জারি করিবার জন্ত যে দরখাস্ত করিয়াছেন তাহাতে তাহাদিগের কোন প্রকার নাম জারি করিবার স্বভূত্বাধিকার নাই।
- ২। উক্ত ছাএলগণ ও অস্তান্ত শক্তি আমার বরাবর উক্ত মহালে পস্তনী জমার খাজানাদি দিয়া দখলীকার আছেন এম-
তাবস্থায় ছাএলগণ উক্ত মহালে আমার অধীন পস্তনীদার ভিন্ন উক্ত মহালে তাহাদিগের মালিকী কোন স্বভূ না থাকায় নাম জারী করিবার তাহাদিগের কোন প্রকার অধিকার নাই।
- ৩। প্রকৃত প্রস্তাবে উক্ত মহালের স্থল মালিক ক্ষেমছুরী দেতা ১২ আনা রুকম মালিকী স্বভূ এবং ৩৭০/৩৭৪/৩৩৫/৩৩৭।

৩৭৭/১০৩ নম্বর এই সাতটা নম্বর মহালে একত্রে সাধু চরণ সিংহকে ৩২ টাকা পত্তনী জমার বন্দোবস্ত করিয়া উক্ত পত্তনী জমা হইতে তাহার নিজাংশ ১/১২ গণ্ডা রকমে কালেক্টরীর খাজানা উক্ত পত্তনীদারের উপরে বরাত দিয়া তাহাতে স্বত্বভী 15 ও দখলীকারিণী থাকনাবস্থায় পর লোক গমন করায় ও তাহার পুত্র সন্তান না থাকায় আমি তাহার এক মাত্র উত্তরাধিকারিণী কণ্ঠা বিধায় আমি উপরোক্ত সমুদয় মহালের পত্তনী জমার উপরোক্ত ছাএল গণের নিকট হইতে খাজানা আদায় পূর্বক স্বত্বভী ও দখলীকারিণী আছি ছাএলগণ ছুড়ভিসন্ধি 20 হলে আমার স্বভাংশ ধংস করিবার জন্ত এই নাম জারি করিবার প্রার্থনা করিয়াছেন প্রকৃত প্রস্তাবে ছাএলগণ পত্তনীদার সাধু চরণ সিংহের বিনামদার মাত্র ॥

XVII.

Statement in a Partition Suit.

জেলা হরিপুরের কালেক্টরী আদালত ।

বাদী

প্রতিবাদী

শ্রী রমাকান্ত দাস

শ্রী অম্বিকা কান্ত রায়

সাঃ জিহ্মারথী

সাঃ জিহ্মারথী

১ । বাদী যে সম্পত্তী বাটোয়ারা জন্ত মালিস করিয়াছেন ঐ সম্পত্তি ৫০ বৎসরের অধিক কাল হইতে সকল মালীকগণের অভিপ্রায় ও স্বীকারামুসারে স্মবিধা ও অস্মবিধা বিবেচনায় জমিবিভাগ ও প্রজাবিলি দ্বারা আপোষে বাটোয়ারা হইয়া উদ্ভবধি সকল সন্নিবাস নিজ নিজ মির্দিষ্টে অংশে মির্দিরোধে 5

এ কাজ পৰ্শ্বস্থ দখলিকার আছেন। প্রার্থিত বাঁটোয়ারা সম্প-
 স্তিতে মোট ৯ খানি গ্রাম ও জলকর গুজর ঘাট মাথাভাঙ্গা
 যথাঃ—জিহ্বারখী, মেঠোপাড়া, কথালীপুর, গোপালপুর, শিরপুর,
 লক্ষ্মীপুর, পিয়ারপুর, কুষ্কারপুর ও যোড়াগাছা, হহৌর মধ্যে
 10 কুষ্কারপুর ও গোপালপুর প্রভৃতি প্রতিবাদীর ১০/ অংশ মত
 যোল আনা রকমে দখল করিতেছেন এবং মেঠোপাড়া, লক্ষ্মীপুর,
 শিরপুর ও পিয়ারপুর এই চারি গ্রাম ১১০/ আনার সরিক
 দরখাস্তকারীর যোল আনা রকম উল্লিখিত বিভাগ সূত্রে দখল
 হইয়া আসিতেছে। ইহাশ্রুতিত জিহ্বারখীতে ভদ্রাসন, ও যোড়া-
 15 গাছা গোরাই নদীর তীরস্থ বলিয়া এবং কথালীপুরে হাট থাকা
 হেতু ও জলকর মাথাভাঙ্গা বিভাগ যোষ্ঠ না থাকা হেতু আমরা
 সরিকান সকলে আপন আপন অংশমত ঐ তিন গ্রামের জমিও
 প্রজা ছায় বাঁটোয়ারা সূত্রে পৃথক রূপে ভোগ দখল করিয়া
 আসিতেছি এক্ষণে একাকী বাদী বাঁটোয়ারা জম্ম আইনামু-
 20 সারে এই মালিস করিতে অধিকারী নহেন ॥

XVIII.

Application in a Settlement Case.

মহামহিম

শ্রীযুক্ত হরিপুরের কালেকটর সাহেব বাহাদুর
 বরাবরেষু—

দরখাস্ত শ্রী মহারাজা রাম চন্দ্র দেব বাহাদুর সাঃ
 হরিপুর রাজধানী নিবেদন এই যে

১। অত্র কালেকটরীর তৌজীর ৮-৪১ নঃ চর গোয়ালগ্রাম
 দরখাস্তকারীর সেবাইতী মালিকী স্বত্ব হুক্ত মহাল।

২। ১২৭২ সাল হইতে ১২৮৮ সাল পর্যন্ত উক্ত মহাল মিঃ রবার্টস এন্ড কোম্পানীর সহিত সরাসরি বন্দোবস্ত ছিল এ বন্দোবস্ত দরখাস্তকারীর মানিকী স্বত্বাধিকারের অধীন থাকা মহামান্য হাই কোর্ট পর্যন্ত আদালত কর্তৃক স্থির হইয়াছে।

৩। উক্ত মহালের গবর্নমেন্ট রেভিনিউ স্থায়ী বন্দোবস্ত না থাকা বশতঃ সময় সময় সরাসরি বন্দোবস্তের অধীন থাকায় যদি ও উক্ত সাহেবান ১২৭২ সালে নিলাম খরিদার রূপে বন্দোবস্ত লইয়াছিলেন প্রকৃত পক্ষে উক্ত সাহেবানের বন্দোবস্ত ১০ সময়ে দরখাস্তকারীর পক্ষ হইতে গবর্নমেন্টের দেয় খাজানা উক্ত সাহেবান দরখাস্তকারীর অধীন tenure holder স্বরূপ মারফতদার রূপে সরকারে আদায় করা আদালতের ক্রমান্বয়ে বিস্মৃতির দ্বারা গম্ভ হইয়াছে ॥

XIX.

Petition in a Land Registration Case.

জেলা হরিণ্ডুরের কালেকটরী আদালত

ছায়েল	আপত্তিকারী
ঐ সোশামনি দাসী	ঐ হরি মোহন মৈত্র
সাঃ রামনগর	সাঃ রামনগর

১১৮ নং সি মহালের নাম জারীর মোকদ্দামা

উক্ত মোকদ্দামার আপত্তিকারী ঐ হরি মোহন মৈত্রের পক্ষ হইতে আপত্তি করিয়া প্রার্থনা যে নীচের লিখিত হেতুবাদে আপত্তিকারীর বিকট হইতে প্রমাণাদি গ্রহণে দরখাস্তকারীর

প্রার্থনা নামঞ্জুর করিয়া আপত্তিকারীর খরচা দেওয়াহেতে
5 আত্মা হয় ।

১। ১১৮ নং সি মহালে সোনামনি দাসীর কথিত নাবালক
পুত্র আশুতোষ দাসের কোন প্রকার নাম জারি কখন না
থাকায় এই দীর্ঘ কাল পরে অত্র মহালে তৎকালে উক্ত সো-
নামনি দাসীর নাম জারি হইতে পারে না ।

10 ২। উক্ত ১১৮ নং সি মহালে সোনামনি দাসীর বর্তমান
পুত্র যোগেন্দ্রনাথ দাস সোল আনা নাম জারি থাকায় ও
ছায়েল সোনামনি দাসী তাহাতে সম্মত থাকায় এই নাম জারির
প্রার্থনা আদৌ চলিতে পারে না ।

15 ৩। আইন ও অবস্থাসম্মত সোনামনি দাসী মৃত আশু-
তোষ দাসের পরিত্যক্ত কোন সম্পত্তিতে স্বভ্রতী দখলকারিণী
কন্মিন কালে হয়েন নাই ও হইতে পারে না । ও তন্মূলে উক্ত
মহালে অথবা তাহার কোন অংশে সোনামনি দাসীর কোন
প্রকার স্বভ্র দখল না থাকায় তাহার নাম জারির প্রার্থনা আদৌ
চলিতে পারে না ॥

XX.

A Settlement Proceeding.

রুবকারী বন্দোবস্তী বাবদে আর্জিয়াৎ মওয়া পয়বস্থি
চর বাজেআশি বনাম চর ছলভপূর লগু মোজে ছলভপূর
পরগনে গোয়াস মোতালকে জেলা হরিপূর মহাল খাস সরকার
বাহাছুর বিঃ ১৭৯৩ সালের ৮ আইন ও সন ১৮-২২ সালের ৭

আইন কর্তৃক ঐচ্ছিক এক, টি, প্লাটস্ সাহেব ডেপুটী কালেক্টর 5
জেলা হরিপুর মহকুমা করিমপুর সন ১৮৩১/২৩ শে এপ্রিল
মোং সন ১২৩৮ সাল তাং ১২ বৈশাখ

{ ১ ধারা এই মহাল বন্দোবস্ত করণে সরকারের }
{ কি স্বার্থে কি রূপ অমুমতি হয় তাহার বেওরা }

১ প্রকরণ } এই মহালের পূর্বাভাস এই যে, ইত্যথ্রে তরফ 10
মহালের } বেতাইএর কাছনগো রাম লাল বন্দোপাষ্টায়ের
পূর্ব বৃত্তান্ত } আবেদন পত্রাভ্যায়ী মোজে ছল্লভপুরের মীচে
খড়িয়া নদী জারি থাকে ও পরে নদীর বেগ পরি-
বর্তনের দ্বারা পয়বাস্ত হওয়া প্রকাশ হওয়াতে ঐ
চর ছল্লভপুরের মকদ্দমা সন ১৮১৯ সালের ২ য় 15
আইনামুসারে ঐচ্ছিক সাবেক কালেক্টর সাহেবের
ছকুরে সরকার বাহাছর, বাদী লোকনাথ রায়ের
প্রতিবাদীড়ে ৪৫ নম্বরে উপস্থিত হইয়া সাহেব
মৌছফের বিচারে সন ১৮৩০ সালের ২৮ শে
জাহায়াতী তারিখের ফয়সলার অজুহাত মতে 20
সরকার বাহাছরের দাবী ডিসমিস্ হইয়া সন
১৮২৮ সালের ৩ আইনের মর্নাফসারে উক্ত
মকদ্দমা সংক্রান্ত সম্বন্ধয় কাগজাত চমুর্দশাংশের
মহামহিম ঐচ্ছিক রেবিমিউ কমিসনর সাহেবের
ছকুরে প্রেরণ হইলে তথা হইতে রীতিমত খাস 25
কমিসনরি আদালতে সরকার বাহাছরের তরফ আ-
পীল উপস্থিত হইয়া উক্ত আদালতের হাকিমানের
বিচারে প্রসংসিত কালেক্টর সাহেবের ফয়সলা
রদ হইয়া আমিনের দ্বারা উক্ত গ্রাম সম্বন্ধয়

30

জরিপ আমলে আসিয়া উক্ত গ্রামের কুইনকুইনি-
য়ালের লিখিত জমি মিলান হইয়া বাকী ২৩৩/৩
বিঘা চর জমির পর সন ১৮৩৩ সালের ২৫
শে জুলাই তারিখে সরকারের আপীল ভিক্রী
হইয়া কর খার্জের অঙ্গমতি হয় ॥

NOTES

TO THE

SPECIMENS OF BENGALI LITERATURE.

I.

THESE are short moral sentences in ordinary language ; they present no very great difficulties either of vocabulary or construction.

1. **সর্বাৰস্থা**. This is an example of a compound word such as several Bengali writers are in the habit of creating at pleasure, after the pattern of Sanskrit. It is composed of **সর্ব** 'all' and **অবস্থা** 'condition.' In making these compounds the rules of Sandhi (see p. 10) are observed. The student will not find much difficulty in resolving these words into their component parts. A few of the less obvious compounds are given in the glossary.

2. **থাকা অপেক্ষা** 'than to live,' 'than living.'

7. The strict grammatical construction is in this sentence sacrificed to an epigrammatic neatness of expression. The first **ভাব্** means 'consider,' the second 'repent.' **যেহ** 'so that.'

8. **বলিবে** has here the sense of 'to be called,' 'to be spoken of as,' a sense which this verb not unfrequently bears.

9. **ভুগুতে**, colloquial for **ভোগিতে**, here meaning 'to suffer.' The original meaning of **ভোগ্** being 'to feed on,' hence 'to experience;' it is applied both to suffering and enjoyment.

13. **করেছ = করিতেছ**, **থেকে = থাকিয়া**.

15. **থেনে = থাকিলে**.

20. **মানুষ** here in the sense of a brave man—'vir,' not 'homo.'

II.

The sentences in this section are a little more elaborate, and are for the most part in a higher literary style than the preceding. Their structure, however, is simple, and calls for few remarks.

1. আশা here used in the sense of 'expectations.'
2. হুটে 'by seeing,' for হুঁটিতে. আপন used as an adjective, 'their own.'
4. পর, lit. 'other,' here means strangers or even enemies.
10. আর ফিরিবে না 'cannot be altered.'
17. মনুষ্য পদ 'the rank or dignity of manhood;' it means 'he is not worthy to be called a man (emphatically).'

III.

This and the following section are written in the ordinary colloquial language of the lower classes, and require a good deal of explanation. They are made to look more difficult than they really are by the author's habit of trying to express the harsh pronunciation of rustics by grotesque combinations of characters.

The subject is taken from the well-known story of Rāma. As he is being proclaimed juharāj, or heir-apparent, two rustics, hearing the sound of trumpets and proclamations, ask each other what it is all about.

Line 2. মামা গো 'oh! uncle.' কলে = করিলে.

4. আও. This perfectly unpronounceable word is intended to express 'this' (ইহাও) or perhaps 'that' (উহাও); it is not unlike the strange sound a peasant makes in uttering this word. ছুরি না ছুরি; ছুরি is 'a bugle' and ছুরি is an unmeaning word, such as are often used in describing things vaguely; it is as if he said 'that is a bugle wugle,' i.e. a bugle or something of that kind. কি বলে যে 'what you may call it.'

5. বেজ্জয়ে = বাজাইয়া 'playing.'

8. রোস = রহিস 'stop.' সেম্জে = সম্ঝাইয়া 'having explained.' বোজ্জাম = বুঝ্জাম 'I understand.'

9. গালাম = গেলাম 'we have gone,' i.e. we are lost, ruined. In order to express the flat sound which ঞ sometimes has, like the English *a* in *back*, they use long *ā* with the appended form of য় attached to the preceding letter. This curious combination seems in some way to their minds to reproduce the English sound, and they use it accordingly in transliterating English words. আজা and আম are for রাজা and রাম respectively. This omission of the initial consonant is somewhat rare. The author rather overdoes the rudeness of the dialect.

10. করবে = করিবে 'he will make.' জেনয়ে = জানাইয়া, দিজে = দিতেছে *jānāiyā ditechhe*, 'makes known.'

12. নায় locative case of না for নো 'a boat.' হোলো for হইলো 'we shall have to place our feet on two boats,' i.e. our position will become very unsafe.

13. হুন্দি for সম্বন্ধী 'a relation,' 'companion,' colloquially 'fellow,' 'chap;' 'a fellow can't raise a crop.' কস্তি = করিতে.

15. মুশাই a corruption of মহাশয় 'sir.' কা = জাহা.

16. ছান = দেন for দেউম. সেম্জে ছান = সম্ঝাইয়া দেউম 'please to explain.'

IV.

This is also in rustic speech, but somewhat less extravagant than the preceding.

Line 2. প্রবেশ is the technical word to express the entry of an actor on the scene: 'enter Raicharan carrying a plough.'

3. ছান = যেন 'like.'

4. রোক করে 'being angry;' রোক is a corruption of রাগ 'anger.' য়ই বলি মোরে বুঝি খালে, this is hardly translatable literally; it means 'I said (to myself) I think he is going to eat me.'

6. ছাবো = দেখিব 'let me see,' 'let me try.'

7. ভাশ = দেশ 'country,' here 'my native land,' by which he does not mean the whole of Bengal, but only his own village.

12. মোর মাতা 'my bad luck.' মাতা for মাথা 'forehead;' a man's destiny is supposed to be written on his forehead.

18. বন্ধেরে for বৎসর 'year,' 'in the whole year.' জমি তো না; না here is not negative, but merely emphatic: 'The land, indeed, is like a gold ornament. By cutting off a corner of it I could satisfy the money-lender.'

21. কাটা here means a quantity equal to about two-and-a-half *seers*, or five lbs. 'Every day, as sure as the night passes, two *kātās* or ten pounds of rice are consumed.'

V.

This passage from one of the best works of the leading Bengali novelist Bankim Chandra Chatterjea is in ordinary literary Bengali, with perhaps an extra dash of long Sanskrit words. The style is pure and fluent, and the picture life-like.

Line 4. মহল, lit. 'a dwelling-place,' is used to describe each of the separate wings or buildings composing a large native house. Such a house is a series of courtyards with rooms round them. Each courtyard with the rooms pertaining to it is called a Mahal, and, as the writer well remarks, is like a big town.

8. গোগণের gen. pl. of গৌ 'a cow.'

9. নবতৃণবিশিষ্ট, one of the long Sanskrit compounds in which this author delights: নব 'new,' তৃণ 'grass,' বিশিষ্টে 'provided with.'

11. দেড়তালী 'one-and-a-half storey (high),' said of a house having the lower storey the full height and another above it only half the full height.

13. ফ্লটেড্. This is meant for the English word 'fluted.'

16. Another compound: তৃণ 'grass,' পুষ্পা 'flower,' ময় termination with general meaning of 'having,' 'possessing.'

16. This is the description of the first block of buildings, consisting of a large open hall or *boṭṭakkhānā*, where the master of the house sits to receive his guests or to rest; then his *daftar khāna*, study or writing rooms, and *kāchhāri* or office where his clerks sit and the tenants come to pay their rents and transact business. Next to this is a block of buildings devoted to religious ceremonies, and a third containing temples and idols; connected with the last are rooms for cooking the offerings and food for the priests, also apartments for the reception of religious mendicants who are always wandering about the country.

30. These three blocks constitute the *sadar* or principal part of the house, the public reception rooms, and business part. Behind these are three other blocks, called the *andar* or private part, namely, the owner's own apartments, a large building inhabited by a swarm of female relations, and the cooking department.

42. The perpetual hubbub kept up by the poor relations is here described.

49. Here we have the proceedings of the female cooks vividly described.

VI.

This extract also is in pure classical Bengali, and requires little or no explanation. It is part of a letter supposed to be written by the hero's wife, when he falls in love with and marries a second wife, and the writer, unable to endure his desertion of her, runs away from home, and takes farewell in these few words of her sister-in-law, Kamalmāṇi.

Line 7. Kundanandini is the second wife. She too had run away, but they found her again.

14. *দ্বি* etc. This somewhat involved sentence will be best understood by taking it backwards, beginning at *সাই ছিল* 'it was (my) object to go (after) having seen with my own eyes for two or

three days my husband's happiness, that happiness for the sake of which I myself destroyed my own life.'

21. ছুর ঘাইব 'I shall be far off;' *be*, not *go*, in our idiom.

23. তুমি আসিতে দিতে না 'you would not have let me *go*;' we should say *go* where the Bengali says *come*.

27. আশীর্বাদ here rather 'a good wish' than strictly 'a blessing.'

VII.

The novel from which this and the following extract are taken appeared some forty years ago, and is thus one of the earliest novels in Bengali. The style is colloquial, and contains very few of the Sanskrit compounds which have become fashionable in later works. The story is one with a moral, and depicts in vivid colours the evil results of over-indulgence of children by their parents. In this extract the father, Bāburām Bābu, has just received the news of his son Matilāl's having been arrested by the police, whereupon he sends for a well-known *mukhtār* or pleader, and takes his advice as to the course to be pursued.

Line 1. টাকাতে অতিশয় মায়ী 'was very fond of his money.'

7. স্থির হইয়া 'when he had recovered from the shock.'

8. বড় পটু 'very sharp,' implying also that he was not very scrupulous. To understand the full force of this satirical description of a type of lawyer unfortunately still only too frequently met with, it would be necessary to live in Bengal and have business in the law courts.

10. জ্ঞান করিতে 'to forge documents.' সাক্ষী সাজাইয়া দিতে 'to tutor witnesses;' this is a most important branch of a *mukhtār's* business.

11. বশ করিতে 'to get into (his) power,' 'to establish an understanding with' the police-officers who investigate criminal cases, and the clerks in the magistrate's office through whose hands the papers of the case pass. A polite synonym for bribery.

14. ঠেকচাচা 'Uncle Rogue;' this was his sobriquet, and he was proud of it.

16. রুমজান. The fast kept by all pious Muslims, and Uncle Rogue was very pious.

21. মুকদ্দমা উড়াইয়া দিতে 'to cause a case to fly,' i. e. to win it, or, more strictly, to cause the accusation to break down, by bribing or bringing false witnesses.

22. পাকা ২ লোক lit. 'ripe' or 'well-cooked' people, i. e. men who could be relied on to swear to anything they were wanted to.

23. ভেনাদের vulgarism for তাহাদের.

24. জিত্ব 'I will win.' কেন্, 25. এজ্ vulgarisms for কাগি and আঞ্জি respectively.

25. চলাম lit. 'I have gone,' i. e. I go—I am off!

VIII.

Here the further misconduct of the spoilt child is related.

Line 3. বুড়া বেটা, a disrespectful way of speaking of his father, 'the old boy.'

4. চোক বুজলে 'having closed his eyes.' The whole sentence means 'when the old boy shuts his eyes I will play the Bābu to my heart's content,' i. e. as soon as his father is dead.

6. বলে বসিত 'he used to say,' lit. 'he used to sit saying.'

9. শিব রাত্রির শলিতা, an allusion to the lamps lighted on the night of the Shiba festival, which it is a great object to keep burning all night in order to obtain a blessing.

10. বেঁচে থাকুক etc. The meaning is that they regarded their son as their only hope, and, so long as he lived, it did not matter what happened to them—a handful of water would suffice for their subsistence. বেঁচে = বাঁচিয়া.

three days my husband's happiness, that happiness for the sake of which I myself destroyed my own life.'

21. ছুর যাইব 'I shall be far off;' *be*, not *go*, in our idiom.

23. তুমি আসিতে দিতে না 'you would not have let me *go*;' we should say *go* where the Bengali says *come*.

27. আশীর্বাদ here rather 'a good wish' than strictly 'a blessing.'

VII.

The novel from which this and the following extract are taken appeared some forty years ago, and is thus one of the earliest novels in Bengali. The style is colloquial, and contains very few of the Sanskrit compounds which have become fashionable in later works. The story is one with a moral, and depicts in vivid colours the evil results of over-indulgence of children by their parents. In this extract the father, Bāburām Bābu, has just received the news of his son Matilāl's having been arrested by the police, whereupon he sends for a well-known *mukhtār* or pleader, and takes his advice as to the course to be pursued.

Line 1. টাকাতে অতিশয় মায়ী 'was very fond of his money.'

7. স্থস্থির হইয়া 'when he had recovered from the shock.'

8. বড় পটু 'very sharp,' implying also that he was not very scrupulous. To understand the full force of this satirical description of a type of lawyer unfortunately still only too frequently met with, it would be necessary to live in Bengal and have business in the law courts.

10. জাল করিতে 'to forge documents.' সাক্ষী সাজাইয়া দিতে 'to tutor witnesses;' this is a most important branch of a *mukhtār's* business.

11. বশ করিতে 'to get into (his) power,' 'to establish an understanding with' the police-officers who investigate criminal cases, and the clerks in the magistrate's office through whose hands the papers of the case pass. A polite synonym for bribery.

14. ঠেকচাচা 'Uncle Rogue;' this was his sobriquet, and he was proud of it.

16. রুমজান. The fast kept by all pious Muslims, and Uncle Rogue was very pious.

21. মুকদ্দমা উড়াইয়া দিতে 'to cause a case to fly,' i. e. to win it, or, more strictly, to cause the accusation to break down, by bribing or bringing false witnesses.

22. পাকা ২ লোক lit. 'ripe' or 'well-cooked' people, i. e. men who could be relied on to swear to anything they were wanted to.

23. ভেনাদের vulgarism for তাহাদের.

24. জিত্ব 'I will win.' কেহ, 25. এজ্জ vulgarisms for কাশি and আঞ্জি respectively.

25. চলাম lit. 'I have gone,' i. e. I go—I am off!

VIII.

Here the further misconduct of the spoilt child is related.

Line 3. বুড়া বেটা, a disrespectful way of speaking of his father, 'the old boy.'

4. চোক বুজলে 'having closed his eyes.' The whole sentence means 'when the old boy shuts his eyes I will play the Bābu to my heart's content,' i. e. as soon as his father is dead.

6. বলে বসিত 'he used to say,' lit. 'he used to sit saying.'

9. শিব রাত্রির শলিতা, an allusion to the lamps lighted on the night of the Shiba festival, which it is a great object to keep burning all night in order to obtain a blessing.

10. বেঁচে থাকুক etc. The meaning is that they regarded their son as their only hope, and, so long as he lived, it did not matter what happened to them—a handful of water would suffice for their subsistence. বেঁচে = বাঁচিয়া.

11. বনভোজন. This and the various amusements to which Matilāl was addicted will be found explained in the glossary. They are mostly dancing, singing, acting, and fighting parties of various kinds.

17. সিঁহি etc. These are various preparations of opium and hemp, used as narcotics and intoxicants in Bengal.

19. সিপাহী পেড়ে 'having a red border or edging,' called 'soldiers' border.'

IX.

The movement associated with the name of Ishwara Chandra led to the almost unrestricted use of Sanskrit words in Bengali. As an example of this style, which, though bombastic and artificial, has become very popular, this and the following extract are given. They consist, it will be seen, almost entirely of Sanskrit words. The subject of the work is the well-worn story of Rāma and Sitā, and in the present passage Rāma describes the charms of the Pampā lake in the Daṇḍaka forest in Central India, which he had seen on a former occasion when searching for Sitā.

X.

In this passage Sitā laments Rāma's cruelty to her, and attributes it to some sins she has committed in a previous state of existence. With the exception of one or two long Sanskrit compounds there is no special difficulty calling for explanation,

Line 9. পতি 'husband,' বিয়োজিতা 'deprived of,' 'separated from.'

13. পূর্ব 'former,' জন্ম 'birth,' অর্জিত 'earned,' 'deserved.' The whole sentence means 'this is only the enjoyment of the fruit of action deserved in a former birth,' which is a little confused in expression, though it is easy to see what the idea is.

XI.

